মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন | সংখ্যাঃ সপ্তম | বর্ষঃ প্রথম | জুলাই ২০০৫

# মাদকবিরোধী আন্তর্জাতিক দিবস ২০০৫ পালন

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার প্রতিরোধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতিসংঘের সাধারণ পরিষদের ১৯৮৭ সালের ৪২ তম অধিবেশনের ঘোষণা অনুযায়ী গত ২৬ জুন বিশ্বব্যাপী মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়। অন্যান্য দেশের ন্যায় এবারও এ আন্তর্জাতিক দিবসটি যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশে পালিত হয়। এ দিবসে এবারের প্রতিপাদ্য বিষয় ছিল **"Value Yourself...make healthy choices"**-"নিজকে মূল্যায়ন করুন...মাদকমুক্ত সুস্থ জীবন গড়ুন"। দিবসটি উপলক্ষে মাদকবিরোধী ব্যাপক গণজাগরণ সৃষ্টির উদ্দেশ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর গত ১৯ জুন বাংলাদেশ শিশু একাডেমীতে চিত্রাংকন প্রতিযোগিতা ও সনদ বিতরণ, গম্ভীরা ও মাদকবিরোধী নাটিকা, ২৫ শে জুন জাতীয় জাদুঘর হতে শিশুপার্ক, ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট,হাইকোর্ট হয়ে শিশু একাডেমী পর্যন্ত মানববন্ধন কর্মসূচী এবং ২৬ শে জুন জাতীয় জাদুঘরের শহীদ জিয়া মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রী জনাব লুৎফুজ্জামান বাবর এম.পি.। উক্ত সভায় সভাপতিত্ব করেন মাননীয় স্বরাষ্ট্র সচিব জনাব সফর রাজ হোসেন। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এছাড়া মাদবিরোধী বিভিন্ন শ্লোগানসহ ব্যানার দ্বারা সজ্জিত ট্রাক ও রিকশা ভ্যান ঢাকা শহরের বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ ও বাউল গান পরিবেশন দ্বারা গণসচেতনতা সৃষ্টি করা হয়। দিবসটি উপলক্ষে বেসরকারী পর্যায়েও ব্যাপক কর্মসূচী গ্রহন করা হয়। বেসরকারী সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচী সমন্বয় করার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে বিভিন্ন সময়ে চারটি সভা করা হয়। উক্ত সভাসমূহের সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা শহরের ২০টি এনজিও অধিদপ্তরের কর্মসূচীতে কর্মসূচীতে অংশগ্রহনসহ ২০-২৬ জুন তাদের নিজস্ব কর্মসূচী বাস্তবায়ন করে। এসমস্ত কর্মসূচীর মধ্যে রয়েছে- মাদকবিরোধী র‍্যালী, তথ্য কেন্দ্র স্থাপন, পোস্টার, লিফলেট, স্টিকার ইত্যাদি বিতরণ, ডি-টক্স ক্যাম্প স্থাপন, স্থানীয়ভাবে আলোচনা সভার আয়োজন ইত্যাদি। তাছাড়া অধিদপ্তরের উপ-অঞ্চলসমূহ ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির উদ্যোগে বিভিন্ন এনজিওদের সম্পৃক্ত করে জেলা পর্যায়েও বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়।




২৬ জুন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

## জুন/০৫ মাসের আলামত ভিত্তিক মামলা ও আসামীর পরিসংখ্যান

জুন/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তল্লাশী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতার কর্মে বেশ তৎপর ছিল। জুন/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৫৩৫ টি এবং আসামীর সংখ্যা ৫৭০ জন। অধিদপ্তরের জুন/০৫ মাসের আলামতভিত্তিক মামলা,আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলো।

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ৮০ | ৯৪ | ০.৬৩৫ কেজি |
| চরস | ১ | ১ | ০.১৫ কেজি |
| গাঁজা | ১৭৮ | ১৮৫ | ১৩৬.৪৭৮ কেজি |
| গাঁজা গাছ | ৩ | ৩ | ১২০ টি |
| অবৈধ চোলাই মদ | ১৪৩ | ১৩৮ | ১৩১৩.৫ লিটার |
| বিদেশী মদ | ২ | ৩ | ৮ লিটার |
| বিদেশী মদ | ৭ | ৪ | ২৮৬ বোতল |
| বিয়ার | ৪ | ৩ | ৮৯৫ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ৮ | ১১ | ৮২ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ৬ | ৭ | ৩৭৩ লিটার |
| ফেন্সিডিল | ৮৫ | ১০১ | ৯০৩০ বোতল |
| ফেন্সিডিল | ০ | ০ | ১৩.৫ লিটার |
| তাড়ী (টোডি) | ৪ | ৫ | ২৩০ লিটার |
| টি.ডি.জেসিক ইঞ্জেকশন | ১ | ২ | ১২ এ্যাম্পুল |
| জাওয়া(ওয়াশ) | ৭ | ৭ | ১০৭১৫ লিটার |
| বাখার | ২ | ২ | ৬ কেজি |
| এ্যালকোহল | ০ | ০ | ৪.২ লিটার |
| বনোজেসিক ইঞ্জেকশন | ৪ | ৪ | ৫৯ এ্যাম্পুল |
| নগদ অর্থ | | | ২০৫৮০ টাকা |
| মোবাইল সেট | | | ৩ টি |
| মোট | ৫৩৫ | ৫৭০ | |

## গুলশানে নকল মদের কারখানা আবিষ্কার ঃ গ্রেফতার ২

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গত ১৪ জুন তারিখে গভীর রাতে রাজধানীর গুলশান এলাকায় অভিযান চালিয়ে নকল ও চোলাই মদের কারখানা আবিষ্কার করে। অবৈধ মাদক ব্যবসার সাথে জড়িত থাকার অভিযোগে দুই জনকে গ্রেফতার করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ টিম গভীর রাতে গুলশান এলাকার কাঁলাচাঁদপুরের ১৪/৩ সি, তালুকদার ভিলায় অভিযান চালিয়ে প্লাস্টিকের জারিকেনে ৪৪ লিটার চোলাই মদ, চোলাইমদ তৈরির উপকরণ জাওয়া ২শ ৪০ লিটার ও চোলাইমদ তৈরির সরঞ্জাম আটক করে। গ্রেফতার করা হয় কারখানার মালিক প্লাস্টিড হিউবার্ড গোমেজ(২২) ও সাকাওয়াত হোসেন রানা(২১) কে। গ্রেফতারকৃতরা জানায়, তারা ৪/৫ মাস যাবৎ ওই ভবনে আধুনিক পদ্ধতিতে নকল মদ তৈরি করে আসছিল।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

জুন/০৫ মাসে ৫ টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৭৯১ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তঃর্বিভাগে ১৯৭ জন চিকিৎসা সেবা এবং বহিঃর্বিভাগে ৫৯৪ জন চিকিৎসা সেবা সম্পর্কে পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। নিম্নে এপ্রিল মাসে সরকারীভাবে প্রদত্ত চিকিৎসা সেবার একটি সারণি উপস্থাপন করা হলো ।

| কেন্দ্রের নাম | অন্তঃ র্বিভাগ | বহিঃ র্বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৭৪ | ৩১২ | ৩৮৬ | ১৭৫ | ২১১ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | ১ | ২০ | ২১ | ৪ | ১৭ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ১৮ | ৩৮৫ | ২০৩ | ১১৩ | ৯০ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ৯৮ | ৬৮ | ১৬৬ | ২৯ | ১৩৭ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ৬ | ৯ | ১৫ | ৯ | ৬ |
| মোট | ১৯৭ | ৫৯৪ | ৭৯১ | ৩৩০ | ৪৬১ |

## সম্পাদকের কথা

মাদকাসক্ত হওয়ার ভয়াবহ পরিণতি সম্পর্কে ধারণা না থাকায় মাদকের প্রতি মানুষ ঝুকে পড়ে। মাদকাসক্তরা যদি পূর্ব থেকে এ নেশার করুণ পরিণতি বুঝতে পারতো তাহলে তারা এই মরণ নেশার দিকে এগিয়ে যেতোনা। তাই সাড়া বিশ্বে মাদকের বিরুদ্ধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতিসংঘের আহবানে প্রতিবছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়ে আসছে। অন্যান্য দেশের ন্যায় এবারও এ আন্তর্জাতিক দিবসটি যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশে পালিত হয়। এ দিবসে এবারের প্রতিপাদ্য বিষয় ছিল **“Value Yourself...make healthy choices”**-“নিজকে মূল্যায়ন করুন ... মাদকমুক্ত সুস্থ জীবন গড়ুন”। এ প্রতিপাদ্যের মূল বক্তব্য হলো প্রত্যেক তরুণ-তরুণীকে তাদের জীবনের অপার সম্ভাবনা মূল্যায়ন করতে হবে, নিজের আত্ম-প্রত্যয়কে সকল অশুভ শক্তির উপর স্থান দিয়ে মাদককে “না” বলার মনোবলে বলীয়ান হতে হবে। একই সাথে তাদেরকে জীবন সম্পর্কে সঠিক সিদ্ধান্ত গ্রহণ, খেলাধুলাসহ শারীরিক ও মানসিক গুণাবলির বিকাশে সচেষ্ট হতে হবে। কারণ আদর্শ নাগরিক হিসেবে তরুণদের গড়ে উঠার ক্ষেত্রে জীবন সম্পর্কে সঠিক সিদ্ধান্ত গ্রহণের বিকল্প নেই।

## আইন-আদালত

জুন/০৫ মাসে মোট ২৫৩ টি মামলা নিস্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ১২৩ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ১২৬ টি এবং অন্যান্যভাবে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৪ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যাা ১৩৮ জন এবং খালাসপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৫০ জন। জুন/০৫ মাস পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ২৭৩২২ টি ।

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | খালাসপ্রাপ্ত মামলার সংখ্যা | খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | মে/০৫ পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৪১ | ৪৮ | ১০ | ১৭ | ৪২৬৯ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৮ | ৮ | ৫ | ৫ | ২৫৪০ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ১ | ১ | ১৬ | ১৬ | ১৮০৪ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ৫ | ৫ | ১০ | ১১ | ৪২১ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ১ | ১ | ১ | ১ | ৪৩৩ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ১ | ১ | ১ | ৪ | ৩৭৫ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১ | ১ | ৪ | ৫ | ০ |
| ৮ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ১৫ | ১৭ | ২২ | ২৪ | ২১৮৯ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ৩ | ৩ | ০ | ০ | ৬৫৩ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৩৪৯ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২ | ২ | ৫ | ৫ | ১৩৯০ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ১ | ১ | ০ | ০ | ৫০৩ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ১২০ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৩ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৬০ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ১ | ২ | ২৫৮ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ২ | ২ | ৪ | ৪ | ১৯৫৩ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ৫ | ৭ | ১১ | ১৪ | ৬৫৩ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৮ | ৮ | ২ | ২ | ৮৪৩ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ০ | ০ | ৪ | ৪ | ৬৫২ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৭১ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ২৩১ |
| ২৩ | পটুয়াখালী উপ-অঞ্চল | ১ | ১ | ১ | ১ | ৫৯ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ১১ | ১১ | ১১ | ১২ | ২৫৮০ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ২ | ৪ | ১ | ১ | ১২২৮ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ২ | ২ | ৩ | ৩ | ৯৭৬ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ৫ | ৭ | ৮ | ১২ | ১৩৩৫ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৮ | ৮ | ৬ | ৭ | ১১৫৯ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ২১৫ |
| | সর্বমোটঃ | ১২৩ | ১৩৮ | ১২৬ | ১৫০ | ২৭৩২২ |

## জয়ন্তিকা এক্সপ্রেস ট্রেন থেকে ৮০৫ বোতল ফেনসিডিল উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গোপন সংবাদের ভিত্তিতে গত ১৮ জুন বিকেলে ঢাকা জিআরপি থানাধীন কমলাপুর রেলওয়ে স্টেশন ৭ নং প্লাটফর্মে দন্ডায়মান সিলেট হতে আগত জয়ন্তিকা এক্সপ্রেসের পেছনে গার্ডরুম সংলগ্ন লাগেজ ভ্যানে তল্লাশি চালিয়ে ৮০৫ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী শাহজাহান(৪৬) কে গ্রেফতার করে। আন্তঃনগর জয়ন্তিকা এক্সপ্রেস ট্রেনের ইঞ্জিনের পেছনে গার্ড রুমে তালাবদ্ধ অবস্থায় ফেনসিডিলের চালান আসছে মর্মে তথ্য পেয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো উপ-অঞ্চলের একটি বিশেষ টিম কমলাপুর রেলওয়ে কন্ট্রোল রুমের সহায়তায় ঘোড়াশাল হতে ট্রেনে অবস্থান নেয়। পরে অপর সদস্যরা ঢাকা বিমানবন্দর ও কমলাপুর রেলস্টেশনে তল্লাশি চালিয়ে উক্ত ফেনসিডিল উদ্ধার করে। একই টিম সকাল ১০টায় সবুজবাগ থানাধীন বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল স্টেডিয়ামের পাশ থেকে ১৬৫ বোতল

## নিরোধ শিক্ষা কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর বিশেষ গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। ২৬ জুন, ২০০৫ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। অধিদপ্তরের বিভিন্ন উপ-অঞ্চল জুন/০৫ মাসের প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী তুলে ধরা হলো।

১. শিক্ষাঙ্গন কর্মসূচী - ২৮ টি।
২. মাইকিং- ৬৮ টি।
৩. সিডি প্রদর্শন- ৪০ টি।
৪. মাদকবিরোধী আলোচনা সভা- ৭৫ টি।
৫. পোস্টার বিতরণ ১০,০০০ টি।
৬. স্টিকার বিতরণ ৪০,৬৬০ টি।
৭. লিফলেট বিতরণ ২৪,৭৬০ টি।
৮. স্যুভেনিয়্যার বিতরণ ৪৮২ টি।
৯. ডিটক্সিফিকেশন ক্যাম্প স্থাপন ৮ টি।
১০. সাংস্কৃতিক অনুষ্ঠান ১১ টি।
১১. চিত্রাংকন প্রতিযোগিতা ৬ টি।
১২. রচনা প্রতিযোগিতা ৬ টি।




২৬ জুন উপলক্ষে পটুয়াখালীতে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক জনাব মোঃ রফিকুল ইসলাম

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক জুন/০৫ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৬৪ | ৬৭ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৩৭ | ৪০ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ২৬ | ২৭ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ১৭ | ১৮ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৬ | ৬ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৫ | ৮ |
| ৭ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪০ | ৩২ |
| ৮ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ৯ | ৫ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ২৮ | ২৮ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ৯ | ১১ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৫ | ২৪ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৫ | ৬ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ২ | ১ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ৪ | ১ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ১ | ১ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ২৬ | ৩৩ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ২৫ | ২৯ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১২ | ১২ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৬ | ৬ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ২ | ২ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৬১ | ৭৬ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ২০ | ২৪ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৫ | ১৬ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৪০ | ৩৭ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ২০ | ২১ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১২ | ১৭ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৬ | ৭ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১২ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ৩ | ৩ |
| | সর্বমোটঃ | ৫৩৫ | ৫৭০ |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।